

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/৩০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০
১৩ আগস্ট ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিহার্য। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় এ বছরও Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

শিক্ষা অঞ্চল	তথ্য সংগ্রহের মেয়াদ
ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	০৩-০৯ সেপ্টেম্বর ২০২৩
খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	১০-১৬ সেপ্টেম্বর ২০২৩
গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা	১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩

২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে Online সুবিধা নেই, সেইসব শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিকটস্থ উপজেলার বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনে অবস্থিত আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায়, জেলা সমন্বয়কারী হিসেবে জেলাস্থ সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের জন্য প্রেরিত চিঠি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রেরিত চিঠি নির্ধারিত সময়ে পৌঁছানো নিশ্চিতকরণসহ সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য Online Software ব্যবহার করে নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

- সংযুক্ত: ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের জন্য প্রেরিত চিঠি;
খ) প্রতিষ্ঠান প্রধানের চিঠি;
গ) জরিপ ক্যালেন্ডার।

জেলা শিক্ষা অফিসার (সকল)
..... জেলা।


(মোঃ কায়ছার রহমান)
পরিচালক

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৫১

E-mail: director@banbeis.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৭। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৮। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৯। অফিস নথি।